

পরীক্ষা

এসএসসির ফল পুনর্নিরীক্ষার আবেদন চলছে, ফি ১৫০ টাকা

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১২ জুলাই ২০২৫, ১২: ১১



খুদে বার্তার মাধ্যমে এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফল দেখছে রাজউক কলেজের পরীক্ষার্থীরা। ছবি: খালেদ
সরকার

এসএসসি ও সমমান পরীক্ষার ফলাফলে সন্তুষ্ট না হওয়া শিক্ষার্থীরা খাতা চ্যালেঞ্জ বা ফল পুনর্নিরীক্ষার আবেদনের সুযোগ পাচ্ছে এবারও। খাতা পুনর্নিরীক্ষণের জন্য এসএমএসের মাধ্যমে ১১ থেকে ১৭ জুলাই পর্যন্ত আবেদন করতে হবে। আবেদনের পদ্ধতিতে কোনো পরিবর্তন হয়নি। শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইট ও টেলিটকের মাধ্যমে আবেদনপদ্ধতি জানানো হয়েছে।

এসএমএসের মাধ্যমে ফল পুনর্নিরীক্ষার আবেদন করতে পারবে শিক্ষার্থীরা। টেলিটেক প্রিপেইড ফোন থেকে RSC <স্পেস> বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <স্পেস> রোল নম্বর <স্পেস> বিষয় কোড লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠিয়ে পুনর্নিরীক্ষার আবেদন করা যাবে। একই এসএমএসে একাধিক বিষয়ের জন্য আবেদন করা যাবে, এ ক্ষেত্রে বিষয় কোড পর্যায়ক্রমে ‘কমা’ দিয়ে লিখতে হবে।

ফিরতি এসএমএসে ফি বাবদ কত টাকা কেটে নেওয়া হবে, তা জানিয়ে একটি পিন নম্বর (পার্সোনাল আইডেন্টিফিকেশন নম্বর) দেওয়া হবে। এতে সম্মত থাকলে RSC <স্পেস> YES <স্পেস> পিন নম্বর <স্পেস> যোগাযোগের জন্য একটি মোবাইল নম্বর লিখে (যেকোনো) ১৬২২২ নম্বরে এসএমএস পাঠাতে হবে। প্রতিটি বিষয় ও প্রতিটি পত্রের জন্য ১৫০ টাকা হারে চার্জ কাটা হবে।

এর আগে গত বৃহস্পতিবার এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়। এবার সব বোর্ডে পাসের হার ৬৮ দশমিক ৪৫ শতাংশ। এবার জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৩৯ হাজার ৩২ জন শিক্ষার্থী।

*বিস্তারিত দেখুন [এখানে](#)